ডিএমপি'র উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বলেন, পুরোনো ঢাকার যানজট নিরসনে ৮টি গুরুত্বপূণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হবে, তবে এদের সাথে স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়াও আসন্ন রমজান মাসে নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেওয়ার প্রস্তাব করেন। যানজট নিরসনে পুরোনো ঢাকার বেশকিছু রাস্তা ওয়ানওয়ে করা হবে তিনি অভহিত করেন। কিশোর গ্যাংকে একটি সামাজিক ব্যাধি হিসেবে অভহিত করে তিনি বলেন, সামাজিক ও পারিবারিকভাবে এটি মোকবেলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর চেয়ারম্যান ও ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক মনোয়ার হোসেন করের হার কমিয়ে করের আওতা বাড়ানোর উপর জোরারোপ করেন, সেই সাথে করের হার যৌক্তিকীকরণের উপর জোরারোপ করেন।

ডিসিসিআই'র প্রাক্তন উধ্বতন সহ-সভাপতি আব্দুস সালাম বলেন, অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে, এমতাবস্থায় কর ও ভ্যাটের উচ্চ হার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্রমশ ক্ষতির মুখোমুখী হচ্ছি।

ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপত মতিউর রহমান বলেন, বতমানের অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মাজিন নূন্যতম ৫০ শতাংশ হতে হ্রাস করা প্রয়োজন। এছাড়াও অথবছরের মাঝে এসআরও জারি করে শুল্কহার পরিবতন করলে ব্যবসায়ীদের ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে খাত ভিত্তিক ব্যবসায়ী সমিতির প্রতিনিধিবৃন্দ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের উপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চালু করা, ট্যাক্স-ভ্যাট ব্যবস্থাপর সহজীকরণ, যানজট নিরসন, আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন বিশেষকরে কিশোর গ্যাং-এর উৎপাত নিয়ন্ত্রণ, আমদানি পযায়ে ট্যারিফ ভ্যালুর উপর শুল্ক আরোপ, ভ্যাট হার হ্রাস, বন্ড লাইসেন্স-এর আওতায় আমদানিকৃত পণ্যের অপব্যবহার বন্ধ করা, সরকারী ব্যয় হ্রাস এবং বন্দরের পণ্য খালাস প্রক্রিয়া অটোমেটেড ও সহজীকরণ প্রভৃতি বিষয়ের উপর জোরারোপ করেন।

ডিসিসিআই সহ-সভাপতি মো. সালেম সোলায়মান, পরিচালনা পষদের সদস্যবৃন্দ এবং প্রাক্তন সভাপতিবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআই'র সদস্যপদ প্রদান করা হয় এবং ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআই'র মেম্বারশীপ সার্টিফিকেট হস্তান্তর করেন।

দেশ রূপান্তর

রবিবার, ০৯ ফেব্রুয়ারি ২০২৫

# অবকাঠামোর অপ্রতুলতাসহ নানা জটিলতায় পুরান ঢাকার ব্যবসায়ীরা

নিজস্ব প্রতিবেদক

অবকাঠামোর অপ্রতুলতাসহ নানা সমস্যায় পুরান ঢাকার ব্যবসায়ীরা। অসহনীয় যানজট, জলাবদ্ধতা, এসএমই খাতে অপর্যাপ্ত ঋণপ্রবাহ, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ডলারের মূল্যের অস্থিরতা, আমদানি-রপ্তানি ব্যবস্থার দীর্ঘসূত্রতা, উচ্চ সুদহার, ভ্যাট ও করের হার বৃদ্ধি এবং জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে রাজধানীর ব্যবসার অন্যতম বাণিজ্য কেন্দ্র পুরান ঢাকার ব্যবসায়ীরা বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে নানা চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন। বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধানে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন। এ ছাড়া মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে বলে আলোচকরা মতপ্রকাশ করেন।

পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত মতবিনিময় সভা গতকাল শনিবার লালবাগের মীম কমিউনিটি সেন্টারে হয়। যেখানে পুরান ঢাকার বিভিন্ন অ্যাসোসিয়েশনের নেতারা এবং বেশ কিছু ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করে এই মতামত ব্যক্ত করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ কর ও ভ্যাট ব্যবস্থার জটিলতা, ব্যবসার আকার, প্রকৃতি ও সক্ষমতা অনুযায়ী করা ব্যবস্থার সহজীকরণ, আমদানি-রপ্তানি ব্যবস্থায় প্রতিবন্ধকতা নিরসন, বাস্তবভিত্তিক ভ্যাটহার নির্ধারণের ওপর জোরারোপ করেন। তিনি বলেন, শত বছর ধরে পুরান ঢাকা ব্যবসা-বাণিজ্যের অন্যতম কেন্দ্রস্থল হলেও যানজট, অবকাঠামোর অপ্রতুলতা এবং কর ও ভ্যাটের

## ডিসিসিআইয়ের মতবিনিময় সভা

প্রতিবন্ধকতার কারণে এখানকার উদ্যোক্তারা নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন, যা নিরসনে সরকারি-বেসরকারি খাতের যৌথ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন একান্ত অপরিহার্য।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি মতিউর রহমান বলেন, বর্তমানের অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মার্জিন ন্যূনতম ৫০ শতাংশ থেকে হ্রাস করা প্রয়োজন। এ ছাড়া অর্থবছরের মধ্যে এসআরও জারি করে শুল্কহার পরিবর্তন করলে ব্যবসায়ীদের ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন।

বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন বলেন, ২০২২-২৪ পর্যন্ত স্থানীয় বাজারে ডলারের মূল্য ৩৫% অবমূল্যায়িত হওয়ার কারণে ডলারের মূল্য অস্বাভাবিক হারে বেড়ে যায় এবং মুদ্রা ব্যবস্থাপনায় অস্থিরতা পরিলক্ষিত হয়, তবে কেন্দ্রীয় ব্যাংক এ খাতে স্থিতিশীলতা আনায়নে কাজ করে যাচ্ছে। তিনি জানান, ছয় মাসে আমদানি ও রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩.৫% এবং ১০.৯% এবং সাত মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন মার্কিন ডলার। তিনি আরও বলেন, পাচার হওয়া টাকা ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক ইতিমধ্যে টাস্কফোর্স গঠন করেছে।

আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ডিসিসিআইয়ের সাবেক পরিচালক মনোয়ার হোসেন করের হার কমিয়ে করের আওতা বাড়ানোর ওপর জোরারোপ করেন। সেই সঙ্গে করের হার যৌক্তিকীকরণের ওপর জোরারোপ করেন।

ডিসিসিআইয়ের প্রাক্তন ঊর্ধ্বতন সহসভাপতি আলহাজ আব্দুস সালাম বলেন, 'অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে। এমতাবস্থায় কর ও ভ্যাটের উচ্চহার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্রমেই ক্ষতির মুখোমুখি হচ্ছি।'

ডিএমপির উপপুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে আটটি গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হবে। তবে এদের সঙ্গে স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানান। এ ছাড়া আসন্ন রমজান মাস নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেওয়ার প্রস্তাব করেন। যানজট নিরসনে পুরান ঢাকার বেশ কিছু রাস্তা ওয়ানওয়ে করা হবে এল তিনি অভিহিত করেন। কিশোরগ্যাংকে একটি সামাজিক ব্যাধি হিসেবে অভিহিত করে তিনি বলেন, সামাজিক ও পারিবারিকভাবে এটি মোকাবিলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে খাতভিত্তিক ব্যবসায়ী সমিতির প্রতিনিধিরা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাটব্যবস্থা চালু করা, ট্যাক্স-ভ্যাট ব্যবস্থার সহজীকরণ, যানজট নিরসন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, বিশেষ করে কিশোরগ্যাংয়ের উৎপাত নিয়ন্ত্রণ, আমদানি পর্যায়ে ট্যারিফ ভ্যালুর ওপর শুল্ক আরোপ, ভ্যাটহার হ্রাস, বন্ড লাইসেন্সের আওতায় আমদানি করা পণ্যের অপব্যবহার বন্ধ করা, সরকারি ব্যয় হ্রাস এবং বন্দরের পণ্য খালাস প্রক্রিয়া অটোমেটেড ও সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করেন।

অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআইয়ের সদস্যপদ দেওয়া হয় এবং ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআইয়ের মেম্বারশিপ সার্টিফিকেট হস্তান্তর করেন।

...শীলদের দৈনিক
দেশ রূপান্তর

আজকের পত্রিকা

রবিবার, ০৯ ফেব্রুয়ারি ২০২৫




**পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের সমস্যা সমাধানে ডিসিসিআই আয়োজিত মতবিনিময় সভায় বক্তারা।** ছবি: আজকের পত্রিকা

# নিত্যপণ্যে প্যাকেজ ভ্যাট দাবি

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চালু ও বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় আমদানিতে এলসি মার্জিন ন্যূনতম ৫০ শতাংশ কমিয়ে আনার আহ্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে এ ব্যবস্থা কার্যকর ভূমিকা রাখবে বলে মত প্রকাশ করেছেন ব্যবসায়ীরা।

পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের লক্ষ্যে আয়োজিত মতবিনিময় সভায় এ আহ্বান জানানো হয়। গতকাল শনিবার রাজধানীর লালবাগের মীম কমিউনিটি সেন্টারে ডিসিসিআই আয়োজিত এই সভায় পুরান ঢাকার বিভিন্ন ব্যবসায়ী সমিতির নেতা ও ব্যবসায়ী প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

### ডিসিসিআইয়ের মতবিনিময়

- এলসি মার্জিন ন্যূনতম ৫০% কমিয়ে আনার প্রস্তাব।
- ভ্যাটের হার কমানোর দাবি।
- যানজট নিরসনে পুরান ঢাকার ৮ স্থানে থাকবে ট্রাফিক পুলিশ।
- কিছু রাস্তা ওয়ানওয়ে করবে ডিএমপি।

আজকের পত্রিকা

### ব্যবসায়ীদের প্রধান দাবি

ব্যবসায়ীরা বলেন, যানজট, জলাবদ্ধতা, অপ্রতুল অবকাঠামো, উচ্চ সুদহার, কর ও ভ্যাটের জটিলতা, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং আমদানি-রপ্তানির দীর্ঘসূত্রতার কারণে ক্ষুদ্র উদ্যোক্তারা চরম সংকটে রয়েছেন। এসব সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি জানান তাঁরা। বিশেষ করে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চালুর প্রস্তাব দেন ব্যবসায়ী নেতারা।

এ সময় ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, পুরান ঢাকার ব্যবসায়ীদের টিকে থাকার জন্য কর ও ভ্যাট ব্যবস্থার সরলীকরণ এবং ব্যবসার প্রকৃতি অনুযায়ী বাস্তবসম্মত হার নির্ধারণ করা জরুরি। তিনি আমদানি-রপ্তানি ব্যবস্থার জটিলতা নিরসনের ওপরও গুরুত্ব দেন।

### আরও যেসব দাবি

সভায় মুক্ত আলোচনায় অংশ নিয়ে ব্যবসায়ী প্রতিনিধিরা কর-ভ্যাট ব্যবস্থার সরলীকরণ, যানজট নিরসন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, আমদানি পর্যায়ে ট্যারিফ ভ্যালু নির্ধারণ, ভ্যাট হার হ্রাস, বন্ড লাইসেন্সের আওতায় আমদানি করা পণ্যের অপব্যবহার বন্ধ, সরকারি ব্যয় হ্রাস ও বন্দরের পণ্য খালাসপ্রক্রিয়া সহজ করার প্রস্তাব দেন। সভায় আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ডিসিসিআইয়ের সাবেক পরিচালক মনোয়ার হোসেন করের হার যৌক্তিকীকরণ ও আওতা বাড়ানোর প্রস্তাব দেন।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি মতিউর রহমান বলেন, বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মার্জিন ন্যূনতম ৫০ শতাংশ কমিয়ে আনা প্রয়োজন। একই অর্থবছরের মাঝপথে এসআরও জারি করে ভবিষ্যতে শুল্কহার পরিবর্তন না করার পরামর্শ দিয়ে বলেন, এতে ব্যবসায়ীদের বড় ধরনের ক্ষতির মুখে পড়তে হয়।

ডিসিসিআইয়ের সাবেক ঊর্ধ্বতন সহসভাপতি আলহাজ আব্দুস সালাম দাবি করেন, অসহনীয় যানজট ও উচ্চ করের হার ব্যবসায়ীদের ক্ষতির মুখে ফেলছে।

### কী পদক্ষেপ নিচ্ছে সরকার

সভা থেকে পুরান ঢাকার যানজট নিরসনে আটটি গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ এবং ঢাকার বেশ কিছু রাস্তা ওয়ানওয়ে করার বিষয়ে পুলিশের পরিকল্পনার কথা জানান ডিএমপির উপপুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন। এ ছাড়াও আসন্ন রমজান মাসে নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেওয়ার প্রস্তাব দেন তিনি।

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা দক্ষিণের অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মন বলেন, সরকার ভ্যাট ব্যবস্থা সহজ করার জন্য অনলাইন রেজিস্ট্রেশন অটোমেটেড করার উদ্যোগ গ্রহণ করেছে। ফলে ব্যবসায়ীরা হয়রানিমুক্ত হবেন। তিনি রসিদবিহীন ভ্যাটের টাকা না দেওয়ার জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। ব্যবসায়ীদের উদ্দেশে তিনি বলেন, ভ্যাট সব সময় নির্ধারিত হয়ে থাকে মূল্য সংযোজনের ওপর।

বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন বলেন, ২০২২-২৪ সালের মধ্যে স্থানীয় বাজারে ডলারের মূল্য ৩৫ শতাংশ বৃদ্ধি পাওয়ায় বৈদেশিক মুদ্রাবাজারে অস্থিরতা দেখা দিয়েছে। তবে কেন্দ্রীয় ব্যাংক এ পরিস্থিতি সামাল দিতে কাজ করছে এবং ইতিমধ্যে ইতিবাচক প্রভাব দেখা যাচ্ছে। তিনি জানান, গত ছয় মাসে আমদানি ৩ দশমিক ৫ ও রপ্তানি ১০ দশমিক ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এ ছাড়া গত সাত মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন ডলার, যা মুদ্রাবাজার স্থিতিশীল করতে সহায়ক হবে। পাচার হওয়া অর্থ ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক টাস্কফোর্স গঠন করেছে বলেও তিনি জানান।

অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ঢাকা চেম্বারের সদস্যপদ দেওয়া হয়। চেম্বার সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআইয়ের সদস্যপদের সনদ তুলে দেন। ডিসিসিআই সহসভাপতি মো. সালেম সোলায়মান, পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্য ও সাবেক সভাপতিরা এ সময় উপস্থিত ছিলেন।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
রবিবার, ০৯ ফেব্রুয়ারি ২০২৫

ডিসিসিআইর মতবিনিময়

# মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে প্যাকেজ ভ্যাটব্যবস্থা প্রবর্তনের আহ্বান

নিজস্ব প্রতিবেদক

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাটব্যবস্থা প্রবর্তনের আহ্বান জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) নেতারা। শনিবার পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণের লক্ষ্যে ডিসিসিআই আয়োজিত মতবিনিময় সভায় এ আহ্বান জানানো হয়।

অসহনীয় যানজট, জলাবদ্ধতা, অপ্রতুল অবকাঠামো, এসএমই খাতে অপর্যাপ্ত ঋণ প্রবাহ, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ডলারের মূল্যের অস্থিরতা, আমদানি-রফতানি ব্যবস্থার দীর্ঘসূত্রতা, উচ্চ সুদহার, ভ্যাট ও করের হার বৃদ্ধি এবং জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে রাজধানীর ব্যবসার অন্যতম বাণিজ্যকেন্দ্র পুরান ঢাকার ব্যবসায়ীরা বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন। বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধানে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন ব্যবসায়ীরা।

রাজধানীর একটি কমিউনিটি সেন্টারে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। যেখানে পুরান ঢাকার বিভিন্ন অ্যাসোসিয়েশনের নেতা এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সভায় বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মন এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ কর ও ভ্যাট ব্যবস্থার জটিলতা, ব্যবসার আকার, প্রকৃতি ও সক্ষমতা অনুযায়ী কর ব্যবস্থার সহজীকরণ, আমদানি-রফতানি ব্যবস্থায় প্রতিবন্ধকতা নিরসন, বাস্তবভিত্তিক ভ্যাট হার নির্ধারণের ওপর জোরারোপ করেন।

তিনি বলেন, শত বছর ধরে পুরান ঢাকা ব্যবসা-বাণিজ্যের অন্যতম কেন্দ্রস্থল হলেও যানজট, অবকাঠামোর অপ্রতুলতা এবং কর ও ভ্যাটের প্রতিবন্ধকতার কারণে এখানকার উদ্যোক্তারা নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন, যা নিরসনে সরকারি-বেসরকারি খাতের যৌথ উদ্যোগ গ্রহণ



‘আমদানি-রফতানি ব্যবস্থায় প্রতিবন্ধকতা নিরসনে বাস্তবভিত্তিক ভ্যাট হার নির্ধারণ জরুরি।’
ডিসিসিআই সভাপতি

‘স্থানীয় বাজারে ৩৫ শতাংশ অবমূল্যায়িত হওয়ার কারণে ডলারের মূল্য অস্বাভাবিক হারে বেড়ে যায়।’
ড. মো. সেলিম আল মামুন

সময়ের আলো

ও বাস্তবায়ন একান্ত অপরিহার্য। বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন বলেন, ২০২২-২৪ পর্যন্ত স্থানীয় বাজারে ডলারের মূল্য ৩৫ শতাংশ অবমূল্যায়িত হওয়ার কারণে ডলারের মূল্য অস্বাভাবিক হারে বেড়ে যায়। একইসঙ্গে মুদ্রাব্যবস্থাপনায় অস্থিরতা পরিলক্ষিত হয়, তবে কেন্দ্রীয় ব্যাংক এখাতে স্থিতিশীলতা আনয়নে কাজ করে যাচ্ছে।

তিনি জানান, গত ৬ মাসে আমদানি ও রফতানি বেড়েছে যথাক্রমে ৩ দশমিক ৫ শতাংশ ও ১০ দশমিক ৯ শতাংশ এবং গত ৭ মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন মার্কিন ডলার। পাচার হওয়া টাকা ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক ইতিমধ্যে টাস্কফোর্স গঠন করেছে বলে ‘যোগ করেন’ তিনি।

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মন বলেন, সরকার ভ্যাটব্যবস্থা সহজীকরণের জন্য ভ্যাট অনলাইন রেজিস্ট্রেশন ব্যবস্থা অটোমেটেড করার উদ্যোগ গ্রহণ করেছে। যার ফলে ব্যবসায়ীরা হয়রানি থেকে মুক্ত হবেন। তিনি রসিদবিহীন ভ্যাটের টাকা না প্রদানের জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। ব্যবসায়ীদের উদ্দেশে তিনি বলেন, ভ্যাট সবসময় নির্ধারিত হয়ে থাকে মূল্য সংযোজনের ওপর।

ডিএমপির উপপুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে ৮টি গুরুত্বপূণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হবে, তবে এদের সঙ্গে স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানান। এ ছাড়াও আসন্ন রমজান মাসে নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেওয়ার প্রস্তাব করেন। যানজট নিরসনে পুরান ঢাকার বেশকিছু রাস্তা ওয়ানওয়ে করা হবে, তিনি অবহিত করেন। কিশোর গ্যাংক একটি সামাজিক ব্যাধি হিসেবে অবিহিত করে তিনি বলেন, সামাজিক ও পারিবারিকভাবে এটি মোকবিলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ডিসিসিআইর সাবেক পরিচালক মনোয়ার হোসেন করের হার কমিয়ে আওতা বাড়ানোর ওপর জোরারোপ করেন। একইসঙ্গে করের হার যৌক্তিকীকরণের ওপর জোরারোপ করেন তিনি।

ডিসিসিআইর সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ আবদুস সালাম বলেন, অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে। এমতাবস্থায় কর ও ভ্যাটের উচ্চ হার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্রমশ ক্ষতির মুখোমুখি হচ্ছি।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি মতিউর রহমান বলেন, বর্তমানের অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মার্জিন ন্যূনতম ৫০ শতাংশ থেকে হ্রাস করা প্রয়োজন। এ ছাড়াও অর্থবছরের মাঝে এসআরও জারি করে শুল্কহার পরিবর্তন করলে ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে খাতভিত্তিক ব্যবসায়ী সমিতির প্রতিনিধিরা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাটব্যবস্থা চালু করা, ট্যাক্স-ভ্যাট ব্যবস্থা সহজীকরণ, যানজট নিরসন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, বিশেষ করে কিশোর গ্যাংয়ের উৎপাত নিয়ন্ত্রণ, আমদানি পর্যায়ে ট্যারিফ ভ্যালুর ওপর শুল্ক আরোপ, ভ্যাট হার হ্রাস, বন্ড লাইসেন্সের আওতায় আমদানিকৃত পণ্যের অপব্যবহার বন্ধ করা, সরকারি ব্যয়হ্রাস এবং বন্দরের পণ্য খালাস প্রক্রিয়া অটোমেটেড ও সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করেন।

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে দৈনিক জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha
রবিবার, ০৯ ফেব্রুয়ারি ২০২৫

# মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে প্যাকেজ ভ্যাট চায় ব্যবসায়ীরা

**অর্থনৈতিক রিপোর্টার ।** অসহনীয় যানজট, জলাবদ্ধতা, অপ্রতুল অবকাঠামো, এসএমইখাতে অপর্যাপ্ত ঋণ প্রবাহ, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ডলার মূল্যে অস্থিরতা, আমদানি-রপ্তানি ব্যবস্থার দীর্ঘসূত্রিতা, উচ্চ সুদ হার, ভ্যাট ও করের হার বৃদ্ধি এবং জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে রাজধানীর অন্যতম বাণিজ্য কেন্দ্র পুরান ঢাকার ব্যবসায়ীরা বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে নানাবিধ চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন। বিদ্যমান সমস্যাগুলো দ্রুত সমাধানে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন দেশের ব্যবসায়ী সমাজ। এছাড়াও নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবর্তন হলে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করা যেতে পারে বলেও তারা মত প্রকাশ করেন। শনিবার লালবাগের থীম কমিউনিটি সেন্টারে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত মতবিনিময় সভায় ব্যবসায়ীরা এমনটা বলেন।

পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণের আয়োজিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। এতে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের চীফ ইকোনোমিস্টস ইউনিট (গবেষণা) পরিচালক ড. মো. সেলিম আল মামুন, ঢাকা দক্ষিণের কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মণ এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর লালবাগ বিভাগের উপ-পুলিশ কমিশনার মো. জসীম উদ্দিন।

## পুরান ঢাকায় ব্যবসায়িক সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানে ডিসিসিআইর মতবিনিময়

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ কর ও ভ্যাট ব্যবস্থার জটিলতা, ব্যবসার আকার, প্রকৃতি ও সক্ষমতা অনুযায়ী কর ব্যবস্থার সহজীকরণ, আমদানি-রপ্তানি ব্যবস্থার প্রতিবন্ধকতা নিরসন, বাস্তবভিত্তিক ভ্যাট হার নির্ধারণের ওপর জোরারোপ করেন। তিনি বলেন, শতবছর ধরে পুরান ঢাকা ব্যবসা-বাণিজ্যের অন্যতম কেন্দ্রস্থল হলেও যানজট, অবকাঠামোর অপ্রতুলতা এবং কর ও ভ্যাটের প্রতিবন্ধকতার কারণে এখানকার উদ্যোক্তারা নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন, যা নিরসনে সরকারি-বেসরকারিখাতের যৌথ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন একান্ত অপরিহার্য।

বাংলাদেশ ব্যাংকের ড. মো. সেলিম আল মামুন বলেন, ২০২২-২৩ পর্যন্ত স্থানীয় বাজারে ডলারের মূল্য ৩৫ শতাংশ অবমূল্যায়িত হওয়ায় ডলারের মূল্য অস্বাভাবিক হারে বেড়ে যায় এবং মুদ্রাব্যবস্থাপনায় অস্থিরতা পরিলক্ষিত হয়। তবে কেন্দ্রীয় ব্যাংক এ খাতে স্থিতিশীলতা আনতে কাজ করে যাচ্ছে। তিনি জানান, গত ৬ মাসে আমদানি ও রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩ দশমিক ৫ শতাংশ ও ১০ দশমিক ৯ শতাংশ এবং গত ৭ মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন মার্কিন ডলার। তিনি আরও বলেন, পাচার হওয়া টাকা ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে টাস্কফোর্স গঠন করেছে। ঢাকা দক্ষিণের কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের মানস কুমার বর্মণ বলেন, ভ্যাট ব্যবস্থা সহজীকরণে ভ্যাট অনলাইন রেজিস্ট্রেশন অটোমেটেড করার উদ্যোগ নিয়েছে সরকার। ফলে ব্যবসায়ীরা হয়রানি হতে মুক্ত হবেন। তিনি রশিদবিহীন ভ্যাটের টাকা না প্রদানের জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। ব্যবসায়ীদের উদ্দেশ্য তিনি বলেন, ভ্যাট সবসময় নির্ধারিত হয়ে থাকে মূল্য সংযোজনের ওপর।

ডিএমপির উপ-পুলিশ কমিশনার মো. জসীম উদ্দিন বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে ৮টি গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হবে। পাশাপাশি স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসতে তিনি আহ্বান জানান। আসন্ন রমজান মাসে নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেয়ার প্রস্তাব করেন। যানজট নিরসনে পুরান ঢাকার বেশকিছু রাস্তা ওয়ানওয়ে করা হবে বলেও তিনি জানান। এ ছাড়া কিশোর গ্যাংকে একটি সামাজিক ব্যাধি হিসেবে অবহিত করে তিনি বলেন, সামাজিক ও পারিবারিকভাবে এটি মোকাবিলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণ করা আবশ্যক। আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ চেয়ারম্যান ও ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক মনোয়ার হোসেন করের হার কমিয়ে করের আওতা বাড়ানোর ওপর জোরারোপ করেন। সেই সঙ্গে করের হার যৌক্তিকীকরণের কথাও বলেন। ডিসিসিআই'র প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি আলহাজ্ব আব্দুস সালাম বলেন, অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে, এমতাবস্থায় কর ও ভ্যাটের উচ্চ হার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্রমশ ক্ষতির মুখোমুখি হচ্ছি। ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপত মতিউর রহমান বলেন, বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মার্জিন ন্যূনতম ৫০ শতাংশ হতে হ্রাস করা প্রয়োজন। এ ছাড়াও অর্থবছরের মাঝে এসআরও জারি করে শুল্কহার পরিবর্তন করলে ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন বলেও তিনি উল্লেখ করেন।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে খাত ভিত্তিক ব্যবসায়ী ও সমিতির প্রতিনিধিরা, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চালু করা, ট্রাক্স-ভ্যাট ব্যবস্থার সহজীকরণ, যানজট নিরসন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন বিশেষ করে কিশোর গ্যাংয়ের উৎপাত নিয়ন্ত্রণ, আমদানি পর্যায়ে ট্যারিফ ভ্যালুর ওপর শুল্ক আরোপ, ভ্যাট হার হ্রাস, বন্ড লাইসেন্স-এর আওতায় আমদানিকৃত পণ্যের অপব্যবহার বন্ধ করা, সরকারী ব্যয় হ্রাস এবং বন্দরের পণ্য খালাস প্রক্রিয়া অটোমেটেড ও সহজীকরণ ইত্যাদি বিষয়ের ওপর জোরারোপ করেন। অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআইয়ের সদস্যপদ প্রদান করা হয় এবং ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআইয়ের মেম্বারশীপ সার্টিফিকেট হস্তান্তর করেন।

মতবিনিময় সভায় ডিসিসিআই সহ-সভাপতি মো. সালেম সোলায়মানসহ পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি ও সদস্যরা, পুরান ঢাকার বিভিন্ন অ্যাসোসিয়েশনের শীর্ষ নেতারাসহ বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

প্র তি দি নে র
বাংলাদেশ
রবিবার, ০৯ ফেব্রুয়ারি ২০২৫

# প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চান ব্যবসায়ীরা

বা ডিসিসিআই

প্রবা প্রতিবেদক

অসহনীয় যানজট, জলাবদ্ধতা, অপ্রতুল অবকাঠামো, এসএমই খাতে অপর্যাপ্ত ঋণপ্রবাহ, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ডলারের মূল্যে অস্থিরতা, আমদানি-রপ্তানি ব্যবস্থায় দীর্ঘসূত্রতা, উচ্চ সুদহার, ভ্যাট ও করহার বৃদ্ধি এবং জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে রাজধানীর অন্যতম বাণিজ্যকেন্দ্র পুরান ঢাকার ব্যবসায়ীরা বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে নানা চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন। এ সমস্যাগুলোর আশু সমাধানে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন তারা। এ ছাড়া মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে বলে মত প্রকাশ করেছেন ব্যবসায়ীরা।

গতকাল শনিবার রাজধানীর লালবাগে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যে বিদ্যমান সমস্যা চিহ্নিত ও করণীয় নির্ধারণে অনুষ্ঠিত মতবিনিময় সভায় এ মত প্রকাশ করেন ব্যবসায়ীরা। সভায় বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক ড. মো. সেলিম আল মামুন, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা দক্ষিণের অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মণ এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বিশেষ অতিথি ছিলেন।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ কর ও ভ্যাট ব্যবস্থার জটিলতা ও সহজীকরণ, ব্যবসার আকার, প্রকৃতি ও সক্ষমতা অনুযায়ী কর ব্যবস্থা, আমদানি-রপ্তানি ব্যবস্থায় প্রতিবন্ধকতা নিরসন, বাস্তবভিত্তিক ভ্যাটহার নির্ধারণের ওপর জোরারোপ করেন। তিনি বলেন, শতবছর ধরে পুরান ঢাকা ব্যবসা-বাণিজ্যের অন্যতম কেন্দ্রস্থল হলেও যানজট, অবকাঠামোর অপ্রতুলতা এবং কর ও ভ্যাটের প্রতিবন্ধকতার কারণে এখানকার উদ্যোক্তারা নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন; যা নিরসনে সরকারি-বেসরকারি খাতের যৌথ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন একান্ত অপরিহার্য।

বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন বলেন, ২০২২-২৪ পর্যন্ত স্থানীয় বাজারে ডলারের মূল্য অস্বাভাবিক বেড়ে যায়। ফলে মুদ্রাব্যবস্থাপনায় অস্থিরতা পরিলক্ষিত হয়। তবে কেন্দ্রীয় ব্যাংক এ খাতে স্থিতিশীলতা ফেরাতে কাজ করে যাচ্ছে। গত ছয় মাসে আমদানি-রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩ দশমিক ৫ শতাংশ এবং ১০ দশমিক ৯ শতাংশ। আর সাত মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন ডলার।




রাজধানীর লালবাগে শনিবার ডিসিসিআই আয়োজিত মতবিনিময় সভায় স্বাগত বক্তব্য দেন সংগঠনটির সভাপতি তাসকীন আহমেদ । সংগৃহীত

পাচার হওয়া টাকা ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক টাস্কফোর্স গঠন করেছে।

মানস কুমার বর্মণ বলেন, সরকার ভ্যাট ব্যবস্থা সহজীকরণে ভ্যাট অনলাইন রেজিস্ট্রেশন ব্যবস্থা অটোমেটেড করার উদ্যোগ নিয়েছে। ফলে ব্যবসায়ীরা হয়রানিমুক্ত হবেন। তিনি রসিদবিহীন ভ্যাটের টাকা না প্রদানের জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। ব্যবসায়ীদের উদ্দেশে তিনি বলেন, ভ্যাট সব সময় নির্ধারিত হয়ে থাকে মূল্য সংযোজনের ওপর।

ডিএমপি উপপুলিশ কমিশনার মো. জসীম উদ্দিন বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে ৮টি গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হবে। তবে এদের সাথে স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানান তিনি। এ ছাড়া আসন্ন রমজানে নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেওয়ার প্রস্তাব করেন। যানজট নিরসনে পুরান ঢাকার বেশকিছু রাস্তা ওয়ানওয়ে করা হবে বলে জানান তিনি। কিশোর গ্যাংকে একটি সামাজিক ব্যাধি উল্লেখ করে তিনি বলেন, সামাজিক ও পারিবারিকভাবে এটি মোকাবিলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণ আবশ্যক।

সভায় আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ডিসিসিআইয়ের সাবেক পরিচালক মনোয়ার হোসেন করহার কমিয়ে এর আওতা বাড়ানোর ওপর জোরারোপ করেন। সেই সাথে করহার যৌক্তিক করার ওপর গুরুত্ব দেন।

ডিসিসিআইয়ের সাবেক ঊর্ধ্বতন সহসভাপতি আলহাজ আব্দুস সালাম বলেন, অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে, এ অবস্থায় কর ও ভ্যাটের উচ্চ হার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্ষতির মুখোমুখী হচ্ছি।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি মতিউর রহমান বলেন, বর্তমানের অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মার্জিন ন্যূনতম ৫০ শতাংশ হতে হ্রাস করা প্রয়োজন। এ ছাড়া অর্থবছরের মাঝে এসআরও জারি করে শুল্কহার পরিবর্তন করলে ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হন।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে খাতভিত্তিক ব্যবসায়ী সমিতির প্রতিনিধিবৃন্দ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চালু করা, ট্যাক্স-ভ্যাট ব্যবস্থা সহজীকরণ, যানজট নিরসন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি; বিশেষ করে কিশোর গ্যাংয়ের উৎপাত নিয়ন্ত্রণ, আমদানি পর্যায়ে ট্যারিফ ভ্যালুর ওপর শুল্করোপ, ভ্যাটহার হ্রাস, বন্ড লাইসেন্সের আওতায় আমদানিকৃত পণ্যের অপব্যবহার বন্ধ, সরকারি ব্যয় হ্রাস এবং বন্দরে পণ্য খালাস প্রক্রিয়া অটোমেটেড ও সহজীকরণ প্রভৃতির ওপর জোরারোপ করেন।

সভায় আরও উপস্থিত ছিলেন ডিসিসিআইয়ের সহসভাপতি মো. সালেম সোলায়মান, পরিচালনা পর্ষদের সদস্য এবং সাবেক সভাপতিরা।

অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআইয়ের সদস্যপদ প্রদান করা হয় এবং ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআইয়ের মেম্বারশিপ সার্টিফিকেট তুলে দেন।

আমাদের সময়
রবিবার, ০৯ ফেব্রুয়ারি ২০২৫

### ডিসিসিআইয়ের মতবিনিময় সভা

# প্যাকেজ ভ্যাট প্রবর্তন করার পরামর্শ

**নিজস্ব প্রতিবেদক ●**

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাটব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে বলে মত দিয়েছেন ব্যবসায়ীরা। পুরাতন ঢাকার ব্যবসা-বাণিজ্যের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এ মতবিনিময় সভা আয়োজন করে।

গতকাল শনিবার রাজধানীর লালবাগে মীম কমিউনিটি সেন্টারে ওই সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা দক্ষিণের অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মণ ও ডিএমপির লালবাগ বিভাগের উপ-কমিশনার মো. জসীম উদ্দিন বিশেষ অতিথি ছিলেন। এ সময় ডিসিসিআইয়ের সহ-সভাপতি মো. সালেম সোলায়মান, পরিচালনা পর্ষদের সদস্যসহ সাবেক সভাপতিরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআইয়ের সদস্যপদ প্রদান করা হয়।

অর্থসূচক
দেশের প্রথম অনলাইন বিজনেস নিউজ পোর্টাল
www.arthosuchak.com

# মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের উপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবতনের আহ্বান

প্রকাশ 2025-02-08 19:58:22

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের উপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবতনের আহব্বান জানিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

অসহনীয় যানজট, জলাবদ্ধতা, অপ্রতুল অবকাঠামো, এসএমইখাতে অপযাপ্ত ঋণ প্রবাহ, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ডলারের মূল্যের অস্থিরতা, আমদানি-রপ্তানি ব্যবস্থার দীঘসূত্রিতা, উচ্চ সুদ হার, ভ্যাট ও করের হার বৃদ্ধি এবং জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে রাজধানীর ব্যবসার অন্যতম বাণিজ্য কেন্দ্র পুরোনো ঢাকার ব্যবসায়ীরা বিশেষকরে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে নানাবিধ চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন এবং বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধানে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন।

শনিবার (৮ ফেব্রুয়ারি) পুরোনো ঢাকার ব্যবসা-বাণিজ্যের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারনের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত মতবিনিময় লালবাগের মীম কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। যেখানে পুরোনো ঢাকার বিভিন্ন এসোসিয়েশনের নেতা এবং বেশকিছু ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

উক্ত মতবিনিময় সভায় বাংলাদেশ ব্যাংকের চীফ ইকোনোমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো: সেলিম আল মামুন, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মন এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)-এর উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মোঃ জসীম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ কর ও ভ্যাট ব্যবস্থার জটিলতা, ব্যবসার আকার, প্রকৃতি ও সক্ষমতা অনুযায়ী করা ব্যবস্থার সহজীকরণ, আমদানি-রপ্তানি ব্যবস্থায় প্রতিবন্ধকতা নিরসন, বাস্তবভিত্তিক ভ্যাট হার নিধারণের উপর জোরারোপ করেন।

তিনি বলেন, শতবছর ধরে পুরোনো ঢাকা ব্যবসা-বাণিজ্যের অন্যতম কেন্দ্রস্থল হলেও যানজট, অবকাঠামোর অপ্রতুলতা এবং কর ও ভ্যাটের প্রতিবন্ধকতার কারণে এখানকার উদ্যোক্তাবৃন্দ নানাবিধ সমস্যার সম্মুখীন হচেছন, যা নিরসনে সরকাররি-বেসরকারিখাতের যৌথ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন একান্ত অপরিহায।

মো: সেলিম আল মামুন বলেন, ২০২২-২৪ পযন্ত স্থানীয় বাজারে ডলারের মূল্য ৩৫ শতাংশ অবমূল্যায়িত হওয়ার কারণে ডলারের মূল্য অস্বাবাভিক হারে বেড়ে যায় এবং মুদ্রাব্যবস্থাপনায় অস্থিরতা পরিলক্ষিত হয়, তবে কেন্দ্রীয় ব্যাংক এখাতে স্থিতিশীলতা আনায়নে কাজ করে যাচ্ছে। তিনি জানান, গত ৬মাসে আমদানি ও রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩ দশমিক ৫ শতাংশ এবং ১০ দশমিক ৯ শতাংশ এবং গত ৭মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন মাকিন ডলার। পাচার হওয়া টাকা ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে টাস্কফোস গঠন করেছে।

মানস কুমার বর্মন বলেন, সরকার ভ্যাট ব্যবস্থা সহজীকরণের জন্য ভ্যাট অনলাইন রেজিস্ট্রেশন ব্যবস্থা অটোমেটেড করার উদ্যোগ গ্রহণ করেছে, ফলে ব্যবসায়ীরা হয়রানি হতে মুক্ত হবেন। তিনি রশিদ বিহীন ভ্যাটের টাকা না প্রদানের জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। ব্যবসায়ীদের উদ্দেশ্য তিনি বলেন, ভ্যাট সবসময় নিধারিত হয়ে থাকে মূল্য সংযোজনের উপর।

মোঃ জসীম উদ্দিন বলেন, পুরোনো ঢাকার যানজট নিরসনে ৮টি গুরুত্বপূণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হবে, তবে এদের সাথে স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়াও আসন্ন রমজান মাসে নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেওয়ার প্রস্তাব করেন। যানজট নিরসনে পুরোনো ঢাকার বেশকিছু রাস্তা ওয়ানওয়ে করা হবে তিনি অভহিত করেন। কিশোর গ্যাংকে একটি সামাজিক ব্যাধি হিসেবে অভহিত করে তিনি বলেন, সামাজিক ও পারিবারিকভাবে এটি মোকবেলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ-এর চেয়ারম্যান ও ডিসিসিআই'র প্রাক্তন পরিচালক মনোয়ার হোসেন করের হার কমিয়ে করের আওতা বাড়ানোর উপর জোরারোপ করেন, সেই সাথে করের হার যৌক্তিকীকরণের উপর জোরারোপ করেন।

ডিসিসিআই'র প্রাক্তন উধ্বতন সহ-সভাপতি আলহাজ আব্দুস সালাম বলেন, অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে, এমতাবস্থায় কর ও ভ্যাটের উচ্চ হার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্রমশ ক্ষতির মুখোমুখী হচ্ছি।

ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপত মতিউর রহমান বলেন, বতমানের অথনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মাজিন নূন্যতম ৫০% হতে হ্রাস করা প্রয়োজন। এছাড়াও অথবছরের মাঝে এসআরও জারি করে শুল্কহার পরিবতন করলে ব্যবসায়ীদের ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে খাত ভিত্তিক ব্যবসায়ী সমিতির প্রতিনিধিবৃন্দ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের উপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চালু করা, ট্যাক্স-ভ্যাট ব্যবস্থা সহজীকরণ, যানজট নিরসন, আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন বিশেষকরে কিশোর গ্যাং-এর উৎপাত নিয়ন্ত্রণ, আমদানি পযায়ে ট্যারিফ ভ্যালুর উপর শুল্ক আরোপ, ভ্যাট হার হ্রাস, বন্ড লাইসেন্স'র আওতায় আমদানিকৃত পণ্যের অপব্যবহার বন্ধ করা, সরকারী ব্যয় হ্রাস এবং বন্দরের পণ্য খালাস প্রক্রিয়া অটোমেটেড ও সহজীকরণ প্রভৃতি বিষয়ের উপর জোরারোপ করেন।

ডিসিসিআই সহ-সভাপতি মো: সালেম সোলায়মান, পরিচালনা পষদের সদস্যবৃন্দ এবং প্রাক্তন সভাপতিবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআই'র সদস্যপদ প্রদান করা হয় এবং ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআই'র মেম্বারশীপ সার্টিফিকেট হস্তান্তর করেন।

DHAKA POST

# নিত্যপ্রয়োজনীয় পণ্যে প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবর্তনের আহ্বান

ঢাকা পোস্ট ডেস্ক
৯ ফেব্রুয়ারি ২০২৫, ১০:০৯

অ+ অ-




**মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবর্তন করার আহ্বান জানিয়েছেন ঢাকা চেম্বারের নেতারা।**

শনিবার (৮ ফেব্রুয়ারি) পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত মতবিনিময় সভা এ আহ্বান জানানো হয়েছে।

অসহনীয় যানজট, জলাবদ্ধতা, অপ্রতুল অবকাঠামো, এসএমই খাতে অপর্যাপ্ত ঋণ প্রবাহ, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ডলারের মূল্যের অস্থিরতা, আমদানি-রফতানি ব্যবস্থার দীর্ঘসূত্রতা, উচ্চ সুদহার, ভ্যাট ও করের হার বৃদ্ধি এবং জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে রাজধানীর ব্যবসার অন্যতম বাণিজ্যকেন্দ্র পুরান ঢাকার ব্যবসায়ীরা বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে নানাবিধ চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন। বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধানে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন ব্যবসায়ীরা।

মতবিনিময় সভা লালবাগের মীম কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়, যেখানে পুরান ঢাকার বিভিন্ন অ্যাসোসিয়েশনের নেতা এবং বেশকিছু ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সভায় বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মন এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ কর ও ভ্যাট ব্যবস্থার জটিলতা, ব্যবসার আকার, প্রকৃতি ও সক্ষমতা অনুযায়ী করা ব্যবস্থার সহজীকরণ, আমদানি-রপ্তানি ব্যবস্থায় প্রতিবন্ধকতা নিরসন, বাস্তবভিত্তিক ভ্যাট হার নিধারণের ওপর জোরারোপ করেন।

তিনি বলেন, শতবছর ধরে পুরান ঢাকা ব্যবসা-বাণিজ্যের অন্যতম কেন্দ্রস্থল হলেও যানজট, অবকাঠামোর অপ্রতুলতা এবং কর ও ভ্যাটের প্রতিবন্ধকতার কারণে এখানকার উদ্যোক্তারা নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছেন, যা নিরসনে সরকাররি-বেসরকারি খাতের যৌথ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন একান্ত অপরিহার্য।

বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন বলেন, ২০২২-২৪ পর্যন্ত স্থানীয় বাজারে ডলারের মূল্য ৩৫ শতাংশ অবমূল্যায়িত হওয়ার কারণে ডলারের মূল্য অস্বাবাভিক হারে বেড়ে যায় এবং মুদ্রাব্যবস্থাপনায় অস্থিরতা পরিলক্ষিত হয়। তবে কেন্দ্রীয় ব্যাংক এখাতে স্থিতিশীলতা আনায়নে কাজ করে যাচ্ছে। তিনি জানান, গত ৬ মাসে আমদানি ও রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩.৫ শতাংশ এবং ১০.৯ শতাংশ এবং গত ৭ মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন মার্কিন ডলার। তিনি আরও বলেন, পাচার হওয়া টাকা ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে টাস্কফোর্স গঠন করেছে।

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকার (দক্ষিণ) অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মন বলেন, সরকার ভ্যাট ব্যবস্থা সহজীকরণের জন্য ভ্যাট অনলাইন রেজিস্ট্রেশন ব্যবস্থা অটোমেটেড করার উদ্যোগ গ্রহণ করেছে, ফলে ব্যবসায়ীরা হয়রানি হতে মুক্ত হবেন।

ডিএমপির উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) জসীম উদ্দিন বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে ৮টি গুরুত্বপূণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেওয়া হবে, তবে এদের সঙ্গে স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানান।

আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ডিসিসিআইর সাবেক পরিচালক মনোয়ার হোসেন করের হার কমিয়ে করের আওতা বাড়ানোর ওপর জোরারোপ করেন।

ডিসিসিআইর প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি আব্দুস সালাম বলেন, অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে, এমতাবস্থায় কর ও ভ্যাটের উচ্চ হার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্রমশ ক্ষতির মুখোমুখী হচ্ছি।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি মতিউর রহমান বলেন, বর্তমানের অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মাজিন ন্যূনতম ৫০ শতাংশ হতে হ্রাস করা প্রয়োজন। এছাড়া অর্থবছরের মাঝে এসআরও জারি করে শুল্কহার পরিবর্তন করলে ব্যবসায়ীদের ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন।

ডিসিসিআই সহ-সভাপতি মো. সালেম সোলায়মান, পরিচালনা পর্ষদের সদস্য এবং সাবেক সভাপতিরা এ সময় উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআইর সদস্যপদ প্রদান করা হয় এবং ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআই'র মেম্বারশিপ সার্টিফিকেট হস্তান্তর করেন।

শেয়ার বিজ
রবিবার, ০৯ ফেব্রুয়ারি ২০২৫

# নিত্যপণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবর্তনের আহ্বান

নিজস্ব প্রতিবেদক

অসহনীয় যানজট, জলাবদ্ধতা, অপ্রতুল অবকাঠামো, এসএমই খাতে অপর্যাপ্ত ঋণ প্রবাহ, আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ডলারের মূল্যের অস্থিরতা, আমদানি-রপ্তানি ব্যবস্থার দীর্ঘসূত্রতা, উচ্চ সুদহার, ভ্যাট ও করের হার বৃদ্ধি এবং জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে রাজধানীর ব্যবসার অন্যতম বাণিজ্য কেন্দ্র পুরান ঢাকার ব্যবসায়ীরা বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে নানা চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন এবং বিদ্যমান সমস্যাগুলোর আশু সমাধানে সরকারকে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের আহ্বান জানিয়েছেন। এছাড়া মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা প্রবর্তন করা যেতে পারে বলে আলোচকরা মতপ্রকাশ করেন।

পুরান ঢাকার ব্যবসা-বাণিজ্যের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ ও করণীয় নির্ধারণের লক্ষ্যে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত মতবিনিময় সভা গতকাল শনিবার লালবাগের মীম কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। যেখানে পুরান ঢাকার বিভিন্ন অ্যাসোসিয়েশনের নেতা এবং কিছু ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রতিনিধি অংশগ্রহণ করেন। মতবিনিময় সভায় বাংলাদেশ ব্যাংকের চিফ ইকোনমিস্টস ইউনিটের পরিচালক (গবেষণা) ড. মো. সেলিম আল মামুন, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)-এর অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মণ এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ কর ও ভ্যাট ব্যবস্থার জটিলতা, ব্যবসার আকার, প্রকৃতি ও সক্ষমতা অনুযায়ী করা ব্যবস্থার সহজীকরণ, আমদানি-রপ্তানি ব্যবস্থায় প্রতিবন্ধকতা নিরসন, বাস্তবভিত্তিক ভ্যাট হার নির্ধারণের ওপর জোরারোপ করেন। তিনি বলেন, শত বছর ধরে পুরোনো ঢাকা ব্যবসা-বাণিজ্যের অন্যতম কেন্দ্রস্থল হলেও যানজট, অবকাঠামোর

> জটিল রাজস্ব ব্যবস্থাপনার কারণে পুরান ঢাকার ব্যবসায়ীরা বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তারা সাম্প্রতিক সময়ে নানা চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন

অপ্রতুলতা এবং কর ও ভ্যাটের প্রতিবন্ধকতার কারণে এখানকার উদ্যোক্তারা নানা সমস্যার সম্মুখীন হচ্ছেন, যা নিরসনে সরকারি-বেসরকারি খাতের যৌথ উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন একান্ত অপরিহার্য।

ড. মো. সেলিম আল মামুন বলেন, '২০২২-২৪ পর্যন্ত স্থানীয় বাজারে ডলারের মূল্য ৩৫ শতাংশ অবমূল্যায়িত হওয়ার কারণে ডলারের মূল্য অস্বাভাবিক হারে বেড়ে যায় এবং মুদ্রা ব্যবস্থাপনায় অস্থিরতা পরিলক্ষিত হয়, তবে কেন্দ্রীয় ব্যাংক এ খাতে স্থিতিশীলতা আনয়নে কাজ করে যাচ্ছে। তিনি জানান, গত ৬ মাসে আমদানি ও রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩ দশমিক ৫ শতাংশ এবং ১০ দশমিক ৯ শতাংশ এবং গত ৭ মাসে রেমিট্যান্স এসেছে ১৬ বিলিয়ন মার্কিন ডলার। তিনি আরও বলেন, পাচার হওয়া টাকা ফেরত আনতে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে টাস্কফোর্স গঠন করেছে।

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকার (দক্ষিণ) অতিরিক্ত কমিশনার মানস কুমার বর্মণ বলেন, সরকার ভ্যাট ব্যবস্থা সহজীকরণের জন্য ভ্যাট অনলাইন রেজিস্ট্রেশন ব্যবস্থা অটোমেটেড করার উদ্যোগ গ্রহণ করেছে; ফলে ব্যবসায়ীরা হয়রানি হতে মুক্ত হবেন। তিনি রশিদ বিহীন ভ্যাটের টাকা না প্রদানের জন্য উদ্যোক্তাদের প্রতি আহ্বান জানান। ব্যবসায়ীদের উদ্দেশ্যে তিনি বলেন, ভ্যাট সবসময় নির্ধারিত হয়ে থাকে মূল্য সংযোজনের ওপর।

ডিএমপির উপ-পুলিশ কমিশনার (লালবাগ বিভাগ) মো. জসীম উদ্দিন বলেন, পুরান ঢাকার যানজট নিরসনে আটটি গুরুত্বপূর্ণ স্থানে ট্রাফিক পুলিশ নিয়োগ দেয়া হবে, তবে এদের সঙ্গে স্বেচ্ছাসেবক নিয়োগে ব্যবসায়ীদের এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়া আসন্ন রমজান মাসে নগদ টাকা পরিবহনে ব্যবসায়ীদের পুলিশের সহায়তা নেয়ার প্রস্তাব করেন। যানজট নিরসনে পুরান ঢাকার বেশকিছু রাস্তা ওয়ানওয়ে করা হবে তিনি অবহিত করেন। কিশোর গ্যাংকে একটি সামাজিক ব্যাধি হিসেবে অবহিত করে তিনি বলেন, সামাজিক ও পারিবারিকভাবে এটি মোকাবিলায় সম্মিলিত উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

আনোয়ার গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের চেয়ারম্যান ও ডিসিসিআইয়ের প্রাক্তন পরিচালক মনোয়ার হোসেন করের হার কমিয়ে করের আওতা বাড়ানোর ওপর জোরারোপ করেন, সেই সঙ্গে করের হার যৌক্তিকীকরণের ওপর জোরারোপ করেন। ডিসিসিআইয়ের প্রাক্তন ঊর্ধ্বতন সহসভাপতি আলহাজ আব্দুস সালাম বলেন, অসহনীয় যানজটের কারণে ব্যবসায়ীদের বিক্রি ক্রমাগত হ্রাস পাচ্ছে। এতে কর ও ভ্যাটের উচ্চহার এবং রাজস্ব ব্যবস্থাপনার জটিলতার কারণে আমরা ক্রমশ ক্ষতির মুখোমুখী হচ্ছি। ঢাকা চেম্বারের প্রাক্তন সভাপতি মতিউর রহমান বলেন, বর্তমানের অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় এলসি মার্জিন ন্যূনতম ৫০ শতাংশ হতে হ্রাস করা প্রয়োজন। এছাড়া অর্থবছরের মধ্যে এসআরও জারি করে শুল্কহার পরিবর্তন করলে ব্যবসায়ীদের ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন।

মুক্ত আলোচনায় অংশ নিয়ে খাতভিত্তিক ব্যবসায়ী সমিতির প্রতিনিধিরা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নিত্যপ্রয়োজনীয় পণ্যের ওপর প্যাকেজ ভ্যাট ব্যবস্থা চালু করা, ট্যাক্স-ভ্যাট ব্যবস্থাপর সহজীকরণ, যানজট নিরসন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন বিশেষ করে কিশোর গ্যাংয়ের উৎপাত নিয়ন্ত্রণ, আমদানি পর্যায়ে ট্যারিফ ভ্যালুর ওপর শুল্কারোপ, ভ্যাট হার হ্রাস, বন্ড লাইসেন্সের আওতায় আমদানি করা পণ্যের অপব্যবহার বন্ধ করা, সরকারী ব্যয় হ্রাস এবং বন্দরের পণ্য খালাস প্রক্রিয়া অটোমেটেড ও সহজীকরণ প্রভৃতি বিষয়ের ওপর জোরারোপ করেন।

ডিসিসিআই সহসভাপতি মো. সালেম সোলায়মান, পরিচালনা পর্ষদের সদস্য এবং প্রাক্তন সভাপতি এ সময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে ৩৩টি প্রতিষ্ঠানকে ডিসিসিআইয়ের সদস্যপদ প্রদান করা হয় এবং ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধির হাতে ডিসিসিআইয়ের মেম্বারশিপ সার্টিফিকেট হস্তান্তর করেন।